

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
গাইবান্ধা
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)

স্মারক নং-৫১.০১.৩২০০.০২৪.৪১.০০৩.২১. ১১৬

তারিখঃ ২৭/০৩/২০২৪ খ্রি.

বিষয়ঃ ২০২৩-২০২৪ অর্থ বছরে আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর, ২০২৪ উপলক্ষ্যে দুঃস্থ ও অতিদরিদ্র ব্যক্তি পরিবারের জন্য পৌরসভা ওয়ার্ডী ভিজিএফ খাদ্যশস্য (চাল) উপ-বরাদ্দ প্রদান।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং- ৫১.০১.০০০০.০১৮.২০.০৩৬.২৩.১৫ তারিখঃ ২৭/০৩/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর, ২০২৪ উপলক্ষ্যে ভিজিএফ কর্মসূচির আওতায় অতিদরিদ্র, অসহায় ও দুঃস্থ পরিবারের মাঝে বিনামূল্যে খাদ্য সহায়তা প্রদানের জন্য এ জেলাধীন নিম্নবর্ণিত ০৪টি পৌরসভার বিপরীতে বরাদ্দ প্রাপ্ত কার্ড ও কার্ড প্রতি ১০ (দশ) কেজি হারে চাল নিম্নোক্ত শর্তানুসারে তীর অনুকূলে নির্দেশক্রমে উপ-বরাদ্দ প্রদান করা হলো। বিবরণঃ

| ক্রঃ নং | পৌরসভার নাম | শ্রেণী | কার্ড সংখ্যা | বরাদ্দ খাদ্যশস্য (চাল) | | মন্তব্য |
|------------|--------------------|--------|-----------------|------------------------|--|---------|
| | | | | অংকে | কথায় | |
| ১ | গাইবান্ধা পৌরসভা | ক | ৪৬২১ | ৪৬.২১০ | (ছেচল্লিশ দশমিক দুই এক শূন্য) মেঃটন | |
| ২ | গোবিন্দগঞ্জ পৌরসভা | ক | ৪৬২১ | ৪৬.২১০ | (ছেচল্লিশ দশমিক দুই এক শূন্য) মেঃটন | |
| ৩ | সুন্দরগঞ্জ পৌরসভা | খ | ৩০৮১ | ৩০.৮১০ | (ত্রিশ দশমিক আট এক শূন্য) মেঃটন | |
| ৪ | পলাশাবড়ী পৌরসভা | গ | ১৫৪০ | ১৫.৪০০ | (পনের দশমিক চার শূন্য শূন্য) মেঃটন | |
| | | মোট | ১৩৮৬৩ | ১৩৮.৬৩০ | (একশত আটত্রিশ দশমিক ছয় তিন শূন্য) মেঃটন | |

শর্তাবলীঃ

- ১। মেয়রগণ ভিজিএফ চাল বরাদ্দের বিষয়ে সংশ্লিষ্ট এলাকার মাননীয় সংসদ সদস্যকে অবহিত করবেন।
- ২। ভিজিএফ কর্মসূচির খাদ্যশস্য (চাল) আগামী ০৩/০৪/২০২৪ খ্রি. তারিখের মধ্যে বিতরণ নিশ্চিত করে এ কার্যালয়ে সমাপ্তি প্রতিবেদন প্রেরণ করতে হবে।
- ৩। ভিজিএফ উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী অনুসরণ করতে হবে।
 - ক) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর '২০১৬ সালের তথ্য অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ডভিত্তিক বরাদ্দকৃত ভিজিএফ কার্ড সংখ্যা পুনঃবিভাজন করে তালিকা প্রস্তুত করতে হবে। www.bbs.gov.bd এ ওয়েবসাইটে লগইন করে জনসংখ্যার তথ্য পাওয়া যাবে।
 - খ) দুঃস্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক বন্যাক্রান্ত ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ/ অতিদরিদ্রকে অগ্রাধিকার দিতে হবে।
 - গ) নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ৪টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/পরিবার, দুঃস্থ/অতিদরিদ্র বলে গণ্য হবে।
 - ১। যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ী ছাড়া কোন জমি নেই।
 - ২। যে পরিবার দিন মজুরের আয়ের উপর নির্ভরশীল।
 - ৩। যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ডিক্রাবত্তির উপর নির্ভরশীল।
 - ৪। যে পরিবারে উপার্জনক্ষম পূর্ণবয়স্ক কোন পুরুষ সদস্য নেই।
 - ৫। যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়।
 - ৬। যে পরিবারে উপার্জনশীল কোন ব্যক্তি নেই।
 - ৭। যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্তা, বিচ্ছিন্ন বা তালাকপ্রাপ্তা মহিলা।
 - ৮। যে পরিবারের প্রধান অসম্মল মুক্তিযোদ্ধা।
 - ৯। যে পরিবারের প্রধান অসম্মল ও অক্ষম প্রতিবন্ধী।
 - ১০। যে পরিবার কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি।
 - ১১। যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/ অর্থ সংকটে পড়েছে।
 - ১২। যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময় দু'বেলা খাবার পায় না।
- ঘ) পৌরসভা ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রণীত ও প্রত্যায়িত হতে হবে।
- ঙ) ভিজিএফ উপকারভোগীদের তালিকা এমনভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ বরাদ্দ না পায়।
- ৪। বরাদ্দকৃত ভিজিএফ চাল অবশ্যই ট্যাগ অফিসারের উপস্থিতিতে বিতরণ নিশ্চিত করতে হবে।
- ৫। নিরীক্ষার জন্য ব্যয়ের হিসাব তীর কার্যালয়ে (দুর্যোগ ব্যবস্থাপনা শাখা) সংরক্ষণ করতে হবে।